ভূমিকা।

এতন্নগরস্থ গুণি গণাগ্রগণ্য পরোপকারক মর্য্যাদাঙ্কিত বহুবিধান বদ্যবিদ্যা বৃন্দোদ্ধসারিত মানসান্ধকার সন্দোহ সজ্জন নিচয়েষু ॥ ০ ॥

এতৎ পূর্ব্বে বঙ্গীয় ভাষার রাজকর্ম্মাদিতে ব্যবহার বিরহজন্য অর্থকরী ছিলনা এই হেতুক গৌড়ীয় মনুষ্যেরা আলোচনা করণে নিতান্ত অলসযুক্ত ছিলেন এই সুললিত ভাষার এমত দুর্দশা প্রায় হিন্দুরাজাদিগের সাম্রাজ্য চ্যুত হওন কালাবধি হইয়াছে কারণ তাহাদের কর্তৃক অনুপকর্ত্রী জ্ঞানে তাদৃশ প্রচলিত ছিলনা কিন্তু এক্ষণে ভারতবর্ষাধিপতি ইংলণ্ডীয় রাজপুরুষদিগের এমত মতি হইয়াছে যে সকল রাজকর্ম্ম স্ব২ প্রজার ভাষাতে নির্ব্বাহ হইবেক সেই হেতুক এতদ্বঙ্গরাজ্যস্থ মহাশয়েরা গৌড়ীয় ভাষাকে পুনরর্থকরীদৃষ্টে তাহাকে যথেষ্ট সমাদর করিতেছেন। তৎকালে এতাদৃশ মুদ্রাযন্ত্রের প্রচার প্রবল না থাকাতে তৎকালীন গ্রন্থকারকেরা যে সকল উত্তমোত্তম গ্রন্থ রচনা করিয়াছিলেন তাহা এইক্ষণে প্রায় সুদুষ্প্রাপ্য হইয়াছে অপিচ যদিও দুই একখানিগ্রন্থ পাওয়া যায় তাহা আধুনিক আত্মসভ্য জ্ঞানি মহাশয়েরা অন্যান্য সামান্য বুদ্ধিগম্য ভাষার ন্যায় উপদেষ্টৃ বিরহে শীঘ্র বোধবিষয় না হওয়াতে প্রায় তুচ্ছ করিয়া থাকেন এবং তাহাতে অনেক অপকারের সম্ভাবনা। ইহা দৃষ্টি করিয়া কোন২ বিপুল বিদ্যোৎসাহ জনেরা স্বীয় অর্থ ব্যয় পরিশ্রম স্বীকরণপূর্ব্বক নানাদেশীয জন নিকর হিতার্থে সাধুশব্দ রচিত বিবিধগ্রন্থ প্রকাশ করিয়া ক্ষিপ্র

কার বিদ্যা বৃদ্ধি করিতেছেন তাহা অস্মদাদির বচনাতীত বিশেষতঃ অভিনব প্রজ্ঞাবিশিষ্ট বালক গণের পত্রাদি লিখিবার নৈপুণ্য হেতুক স্কুলবুক সোসাইটীর অধ্যক্ষেরা ও আরং গণস্ত লেকেরা দুইতিন প্রকার তদ্বর্ম্ম প্রদশক পুস্তক প্রকাশ করিয়াছেন, কিন্তু তাহাতে কেবল বালকের উপকার। কোন ব্যক্তিকে পত্রাদি লিখিতে হইলে কিপ্রকার পাঠ লিখিবে ও দীর্ঘ পৃষ্ঠে কত স্থান রাখিবে এবং কোন বর্ণের পত্রে কিরূপ চিহ্ন করিবেক তাহা প্রায় প্রচলিত নাই একারণ বহুকালপর্ব্বে হিন্দুরাজ্ঞ দিগের স্থানে বিশেষতঃ শ্রীমন্মহারাজাধি রাজ বিক্রমাদিত্য যাঁহার বিদ্যাবিষয়ে উৎসাহ অদ্যাপি পৃথিবী মণ্ডলে চন্দ্রাদিত্যেরন্যায় দেদীপ্যমান আছে তৎকালে প্রশস্ত্যাদি লিখিবার সুনিয়ম প্রচলিত ও উত্তমাধম শব্দাদি রচনার বিশেষ বিবেচনা ছিল কিন্তু এক্ষণে সেই সকল আলোচনা এককালে লোপ হইবার সম্ভাবনা দেখিয়া লুপ্ত বিষয় উদ্ধার করণোদ্যত হইয়া দেশের হিতজন্য বহুশ্রমে পূর্ব্বোক্তকীর্ত্তি কীর্ত্তিত মহাত্মার সভ্য বররুচি নামক মহাপণ্ডিত রচিত পত্রকৌমুদী গ্রন্থ কোমলসাধু বঙ্গভাষার তদর্থসহিত পূর্ব্বাধ্যায়ে মুদ্রাঙ্কিত করাগেল এবং দ্বিতীয়াধ্যায় সম্বন্ধ রীত্যানুসারে পাঠ ও শিরোনামাদি পদবিন্যাস সহিত বিস্তার পূর্ব্বক লিখিত হইল পত্রলেখক ব্যক্তি এই সকল পাঠ ও শিরোনামাদি প্রয়োজন কালে পাত্র সম্বন্ধ বিশেষে লঘু গুরু বিবেচনা করিয়া প্রয়োগ করিলে সকলের মধ্যে পত্র লিখন বিষয়ে গণ্য হইতে পারিবেন। এবং তৃতীয়াধ্যায় নানাৰ্থপর্য্যায়

প্রমাণ প্রয়োগ তদনুবন্ধাভিধেয় সহিত প্রসঙ্গোত্থিক প্রভৃতি নামলক্ষণোদাহরণ সংযুক্ত সর্ব্বদর্শন মতানুসারি বিশেষতবিশেষরূপে লিখিত আছে যদ্দ্বারা বিষয়িলোকের অত্যন্তোপকার সম্ভাবনা শিষ্টানুষ্ঠিত বিধিবোধিত নিত্য নৈমিত্তিক দৈব পৈতৃক কাম্যাদি কর্ম্মানুষ্ঠান পর পুরুষেরদিগের পুরুষার্থ ও উত্তমমধ্যমাধম ত্রিবিধ লোকেরদিগের মধ্যে পূজ্য পূজকতা ও সম্বন্ধ জাতিপদ ইত্যাদি ভেদ গুরুত্ব লঘুত্বাদি বিচারণ পূর্ব্বক নানাবিধ উত্তমোত্তম সুশ্রাব্য কাব্য রচিত প্রশস্তি সুসাধু সরল সুললিত বঙ্গভাষায় গদ্যপদ্য দ্বারা বিন্যস্ত করিয়া প্রচুর প্রযত্ন ও পরিশ্রম পূর্ব্বক প্রশস্তি প্রকাশিকা আখ্যা প্রদান পুরঃসর পরিচ্ছেদত্রয়ে নির্ব্বন্ধ একপ্রবন্ধ প্রস্তুতীকৃত হইল।

এই গ্রন্থে যে সকল সংস্কৃত মূলক প্রশস্তি সমূহ লিখিত হইয়াছে তাহা প্রায়পগ্রকাদম্বরী রাজনীতি চিন্তামণি লিপিরহস্য বিশেষতঃ কোবিদ কদম্বক রত্নরাজি বিরাজিত রাজ শ্রীলশ্রীযুক্ত রাধাকান্ত বাহাদুরের কৃত শব্দকল্পদ্রুম গ্রন্থেসংগৃহীত প্রশস্তি পদবিন্যাস প্রমাণে রচিত হইল ইহাতে সংস্কৃতানভিজ্ঞ ব্যক্তিবর্গের বিশেষ উপকার সম্ভাবনা।

অপিচ আধুনিক পত্রলেখক মহাশয়রা কাহার সহিত কিপ্রকার সম্বন্ধে কিরূপ পাঠাদি লিখিতে হয় তাহা প্রায় জ্ঞাত নহেন একারণ রোকায়জ্ঞাত হইবেনএই পাঠ এবং ইংরাজী অক্ষরে শিরোনাম লিখিয়া লিপি সমাধা করেন যদ্যপি ও এইরূপ অশাস্ত্র সম্মত নিয়মে অপেক্ষাকৃত অল্পকালে উক্ত লিখন সংপন্ন হয়, তথাপি

এরূপ লিপি পণ্ডিত সমাজে লিখন নিতান্ত হেয় ও অনাদরণীয় হয় তৎপাঠে দন্তে কপাট লাগে।

এপ্রযুক্ত শ্রীশ্রীনারায়ণ স্মরণ পূর্ব্বক তত্ত্বজ্ঞ রসজ্ঞ ভেদজ্ঞ মহানুভব মহাশয় বর্গের সন্নিধানে যথাযোগ্য বিনয় পুরঃসর নিবেদন মেতৎ। যদি এ গ্রন্থ পরগুণ গ্রাহি গ্রাহকের গ্রাহ্য হয় তবেই আপনাকে অনুগ্রাহ্য স্বীকারে প্রাপ্তোপকার বোধকরি ও সমুদয় শ্রম সফল হয় ফলি তার্থ এতদ্বিষয়ে সমগ্র সাহস আছে যে গুণির পরগুণ গ্রাহকতা গুণের বৈগুণ্য কদাচ হইবেক না।

যেহেতুক বিচক্ষণ দিগের এই এক বৈচক্ষণ্য নামক গুণ আছে যে তাহারা নীর পরিত্যাগ করিয়া ক্ষীরাহারি হংসের ন্যায় দোষ গ্রহণে পরাঙমুখ হইবেন। অতএব আমি এই পুস্তক প্রকটন বিষয়ে উচ্চতরু ফল গ্রহণেচ্ছুক বামনের ন্যায় আশা করাতে কদাচ উপহাস্যের যোগ্য হইবনা ইহাতে যদি প্রমাদাদি থাকে তবে গুণগ্রাহি গুণালঙ্কারালঙ্কৃত বিদাম্বর মহোদয় মহাশয়রা অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক অবশ্যই ঐ দোষ মার্জ্জনা করিয়া এই পুস্তক গ্রহণ করিবেন নতুবা এতদ্বিষয়েনিতান্ত নিরুৎসাহা হইব কারণ সৎপণ্ডিতেরা সদসদ্ব্যক্তির হেতু হইয়াছেন। কিন্তু অস্মৎ শুভাদৃষ্ট বশত এই গুরুতর প্রার্থনীয় কর্ম্ম এক্ষণে পরমেশ্বর প্রসাদাৎ সুসম্পন্ন হইল।

গুণীগুণং বেত্তি ন বেত্তি নির্গুণঃ। বলীবলং বেত্তি ন বেত্তি নির্ব্বলঃ॥ পিকোবসন্তস্য গুণং ন বায়সঃ। করীমৃগেন্দ্রস্য বলং ন মূষিকঃ। ১।

মুক্তাহি যবযা রক্তা যবামুক্তা ন মুক্তয়া। ভবেৎ পরগুণগ্রাহী মহীয়ানেব নাপরং। ১।

শ্রীশ্রীগোবিন্দায় নমঃ ॥

পঞ্চকৌমুদী।

শ্রীমৎকৃষ্ণপদারবিন্দযুগলং ব্রহ্মেশ্বরাদ্যামর
শ্রেণীনম্রকিরীটকোটিবড়ভীপুষ্পার্চ্চিতং সন্ততং।
বাণীঞ্চ প্রণমামি বিশ্বজননীং প্রত্যূহ বিধ্বংসিনীং
ভক্তানুগ্রহবিগ্রহাং ভগবতীং নিত্যং বচো
বৃদ্ধয়ে॥ বিক্রমাদিত্য ভূপস্য কীর্ত্তিসিন্ধোর্নিদে-
শতঃ। শ্রীমান্ বররুচির্ধীমাং স্তনোতি পঞ্চ-
কৌমুদীং ॥১॥

অস্যার্থঃ। সকল দিগ্দেশাধিপতি নিখিল গুণৈক
ভাজন কৃপাসদন যশোরাশিপরিপূরিতদিঙ্মণ্ডল মহা-
প্রতাপ বিক্রমাদিত্যনামক রাজা ছিলেন তাঁহার
আদেশে বররুচি নামকপণ্ডিত পঞ্চকৌমুদী সংজ্ঞক
গ্রন্থ গদ্য পদ্য প্রবন্ধে রচনা করিয়া ছিলেন ঐ গ্রন্থ
সংপ্রতি বালকদিগের উপকারার্থে গৌড়ীয় সাধুভাষায়
তাহার অর্থ প্রকাশ করিয়া মূল সংস্কৃত পদ্যের সহিত
মুদ্রিত হইতেছে।১।

গ্রন্থের প্রতিজ্ঞা বাক্য।

শ্লোকঃ॥ রাজ্ঞাং মন্ত্রিপ্রবীরাণাং পণ্ডিতা নান্তথৈবচ। গুরূণাং স্বামিভার্য্যাণাংতথৈব পিতৃ পুত্রয়োঃ॥ সন্ন্যাসিভৃত্যশত্রূণাং তথৈবান্যবিবেকিনাং। এতেষামপি সর্ব্বেষাং পত্র চিহ্নাদিকং ব্রুবে॥

অস্যার্থঃ। রাজা মন্ত্রী পণ্ডিত গুরু পতি ভার্য্যা পিতা পুত্র সন্ন্যাসি ভৃত্য শত্রুবর্গ এবং অন্য২ জ্ঞানি লোক ইহারদিগের মধ্যে যাহাকে যে প্রকার পত্র লিখিতে হয় তাহার চিহ্ন কহিতেছি। ২।

অথ পত্রক্রমণিকা।

শ্লোকঃ॥ পত্রাণাং রঞ্জনঞ্চৈব পত্রপ্রমাণ ভঙ্গকং। পত্র লেখক চিহ্নানি পত্রস্য রচনাক্রমঃ। পত্রলেখপ্রকারশ্চ পত্রস্যানয়নক্রমঃ। পত্রস্য পঠনঞ্চৈব পত্রচিহ্নং ততঃপরং॥ পদন্যাস প্রকারাশ্চ পত্রস্য কোণকর্ত্তনং। প্রশস্ত পদ বিন্যাসঃ শ্রীশব্দস্য পদক্রমঃ॥ উত্থাপ্যাকাঙ্ক্ষা পত্রস্য সঙ্কেত লিখনক্রমঃ। অঙ্কপল্লবি ভাষাচ ভাষা পত্রস্য লক্ষণং॥ কীর্ত্তি বর্ণন শ্লোকশ্চ প্রীতি শ্লোকস্তথৈবচ। নীতিশ্লোকশ্চ গ্রন্থেঽস্মিনসমাসেনোপ বর্ণিতঃ॥ ৩॥

অস্যার্থঃ। পত্র সকলকে রঞ্জন অর্থাৎ রক্ত পীতাদিবর্ণ ও সুবর্ণাদি দ্বারা রংযুক্ত করা অর্থাৎ কাগজের উপর হলকরা আর পত্রের দীর্ঘ প্রস্থের প্রমাণ এবং ভঙ্গ অর্থাৎ ভাঁজ করণ ও পত্র লেখকের চিহ্ন ও পত্র রচনার ধারা ও লিখন প্রকার ও পত্র মুদ্রিত করিবার প্রকার ও পত্র পাঠ করিবার ক্রম ও পত্রের চিহ্ন ও তাহার পাদবিন্যাস ও কোণকর্ত্তন এবং পত্রের উপরি যাহা লিখিতে হয় অর্থাৎ শিরোনামা ও তাহার পদ বিন্যাস এবং শ্রীশব্দ বিন্যাসের ক্রম ও আকাঙ্ক্ষা জনক ও সঙ্কেত পত্র এবং অঙ্ক দ্বারা সঙ্কেত লিখিবার ধারা এবং দেশ ভাষাতে পত্র লিখিবার রীতি এবং কীর্ত্তি-বর্ণন প্রীতিজনক নীতিবিষয়কশ্লোক এই সকল এই গ্রন্থে সংক্ষেপে প্রকাশ করা যাইতেছে। ৩।

অথ পত্র রঞ্জন।

শ্লোকঃ। সুবর্ণরূপ্যরঙ্গাদ্যৈ রঞ্জয়েৎ পত্র মুত্তমং। সামান্যোত্তমমধ্যানাং পত্র রঞ্জন মীরিতং ॥ ৪ ॥

অস্যার্থঃ। উত্তম লোকের প্রতি যে পত্র লিখিবেক সেই পত্রে স্বর্ণ দ্বারা উত্তমরূপে রং করিবেক। এবং মধ্যমের পত্রে রূপ্যের রং দিবেক। এবং সামান্য লোকের, পত্রে রাং তামা দস্তা সীসা সোহাগা ইত্যাদির রং উত্তমরূপে দিবেক। ৪।

অথ পত্র প্রমাণং।

শ্লোকঃ। ষড়ঙ্গুলাধিকং হস্তং পত্রমুত্তমমীরিতং। মধ্যমং হস্তমাত্রং স্যাৎ সামান্যং মুষ্টিহস্তকং॥ ৫॥

অস্যার্থঃ। উত্তম লোকের প্রতি যে পত্র লিখিতে হয় সেই পত্রের এক হস্ত ছয় অঙ্গুলী পরিমাণ। অর্থাৎ পাঁচ পুয়া। এবং মধ্যম লোকের নিমিত্তে মধ্যম পত্র একহস্ত প্রমাণ করিবেক এবং সামান্য লোকের নিমিত্তে তিনপুয়া অর্থাৎ মটুন হাত লম্বা পত্র করিবেক। ৫।

অথ পত্র ভঙ্গ প্রকার।

শ্লোকঃ। পত্রন্তু ত্রিগুণী কৃত্য ঊর্দ্ধেতু দ্বিগুণং ত্যজেৎ। শেষ ভাগে লিখেদ্বর্ণান্ গদ্যপদ্যাদি সংযুতান্॥ ৬॥

অস্যার্থঃ। পূর্ব্বোক্ত ঐ ত্রিবিধ পত্রকে তিন খণ্ডে বিভক্ত করিয়া ভাঁজ করিবেক। তাহার ঊর্দ্ধের ভাগদ্বয় পরিত্যাগ করিয়া শেষ ভাগেতে গদ্য পদ্য দ্বারা পত্র লিখিবেক। ৬।

অথ পত্র লেখক লক্ষণং।

শ্লোকঃ। ব্রাহ্মণোমন্ত্রণাভিজ্ঞোরাজনীতিবিশারদঃ। নানা লিপিজ্ঞো মেধাবী নানা ভাষা সমন্বিতঃ॥ মন্ত্রণাচতুরোধীমান্ নীতিশাস্ত্রার্থ

কোবিদঃ। সন্ধিবিগ্রহভেদজ্ঞো রাজকার্য্য বিচক্ষণঃ। সদা রাজহিতান্বেষী রাজসন্নিধি সংস্থিতঃ। কার্য্যাকার্য্যবিচারজ্ঞঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ। সরূপবাদী শুদ্ধাত্মা ধর্ম্মজ্ঞো রাজ ধর্ম্মবিৎ। এবমাদিগুণৈর্যুক্তঃ সএব রাজলেখকঃ। নৃপানুবর্ত্তী সততং নৃপবিশ্বাসরক্ষকঃ। নৃপতের্হিতমন্বেষী সএব রাজলেখকঃ॥ ৭॥

অস্যার্থঃ। ব্রাহ্মণ পরামর্শে নিপুণ এবং রাজনীতি শাস্ত্রে সুপণ্ডিত ও নানাবিধ লিপিজ্ঞ অর্থাৎ অনেক প্রকার অক্ষর লিখিতে পারেন ও অনেক দেশের ভাষা জানেন এবং মেধাবী অর্থাৎ ধারণাবর্ত্তী বুদ্ধিশালী আর সন্ধি যুদ্ধ ভেদজ্ঞ এবং দেশ কাল পাত্র ইত্যাদি মন্ত্রণাতে চতুর আর অন্য২ দেশের নীতি শাস্ত্র বেত্তা রাজ কর্ম্মেতে কুশল ও সর্ব্বদা রাজার মঙ্গল চেষ্টা করেন রাজ সভায় সতত থাকেন. কর্ত্তব্যাকর্ত্তব্য বিচারজ্ঞ সত্যবাদী ও পণ্ডিত এবং ক্রোধ লোভাদি ইন্দ্রিয়ের বশীভূত নহেন আর যথার্থবাদী এবং রাজ ধর্ম্ম জানেন ও শুদ্ধান্তঃকরণ ধর্ম্মজ্ঞানী ও রাজার বিশ্বাসী এই প্রকার গুণী ব্যক্তি রাজ লেখক হয়েন। ৭।

অথ পত্র রচন ক্রমঃ।

শ্লোকঃ। রাজলেখকমাহূয় নৃপোব্রূয়াৎ প্রযত্নতঃ। পত্রং কুরু যথাযোগ্যং গদ্যপদ্যাদি

সংযুতং॥ পণ্ডিত দ্বয় মানীয় লেখকো রহসি-
স্থিতঃ। যথা যোগ্যানুসারেণ পত্রং কুর্য্যাম্মনো
রমং॥ দিনদ্বয়ং ত্রয়ং বাপি বিচার্য্য পণ্ডিতেন বৈ
স্বভ্রান্তেদূষণং জ্ঞাত্বা বিলিখেৎ পত্র পুস্তকে॥
সামান্যপত্রে সংলিখ্য রহসি শ্রাবয়েন্নৃপং।
নৃপাজ্ঞয়া শুভে পত্রে বিলিখেদ্রাজ লেখকঃ।৮।

অস্যার্থঃ। পত্র প্রেরণ দিবসের পূর্ব্বে রাজা লেখক-
কে আহ্বান করিয়া নির্জনেতে আপন অভিপ্রায় ব্যক্ত
করিয়া আজ্ঞা দিবেন যে যথাযোগ্য গদ্য পদ্য দ্বারা
যত্ন পূর্ব্বক এক পত্র রচনা করহ তদন্তর লেখক দুই জন
পণ্ডিতকে একান্তে আনিয়া তাহারদিগের সহিত দুই
তিন দিবস পরামর্শ করিয়া জনমনোহর নির্দোষ নিঃ-
সন্দেহ এবং কোন ভ্রম না থাকে যথা দেশ কাল পাত্রা-
নুরূপ পত্র প্রস্তুত করিয়া রাজাকে নির্জনে শ্রবণ করা-
ইয়া রাজাজ্ঞানুসারে পুনর্ব্বার উত্তম পত্রেতে তাহা
লিখিবেক। ৮।

অথ পত্র লেখন প্রকার।

শ্লোকঃ। ৭ঁ। অঙ্কুশং প্রথমং দদ্যাম্মঙ্গলার্থং বিচ-
ক্ষণঃ। মধ্যে বিন্দুসমাযুক্ত মধঃ সপ্তাঙ্ক সংযুতং॥
তদধঃ স্বস্তি বিন্যস্য ততঃ পদ্যাদি শোভনং।
ততঃ শ্রীশব্দ রূপাণি পদন্যাস ক্রমং লিখেৎ॥

ভাষয়া সংস্কৃতৈর্ব্বৈর কুশলং বিলিখেৎ সুধীঃ।
ততঃ শুভাশুভাংবার্ত্তাং সংস্কৃতৈঃ প্রাকৃতৈস্তথা।
পত্রপ্রমাণসন্দেশং ততো বার্ত্তাং নিয়োজয়েৎ।
কীর্ত্তিপ্রীতিযুতং পদ্যং ততঃ কিমধিকাদিকং। পত্র
প্রেষণশ্লোকঞ্চ অঙ্ক মাসাদি সংযুতং। সর্ব্বেষা
মেব পত্রেষু লিখনং চৈব রীতিতং॥ সর্ব্বেষা মেব
পত্রাণাং বিধিংজ্ঞাত্বা লিখেত্তু যঃ। স্বদেশে
কীর্ত্তি মাপ্নোতি তথা দেশান্তরেষ্বপি॥ এবং
শাস্ত্র ক্রমংজ্ঞাত্বা যো লিখেদ্রাজ পত্রকং। স রাজ
মন্ত্রিভিঃ সার্দ্ধং যশঃপ্রাপ্নোত্যনুত্তমং॥ শাস্ত্র.
সন্দর্ভ মজ্ঞাত্বা যোলিখেদ্রাজপত্রকং। স রাজ
মন্ত্রিভিঃ সার্দ্ধং দুর্যশো মহদাপ্নুয়াৎ॥ ৯॥

অস্যার্থঃ। পত্রের উপরি ভাগে মঙ্গলার্থে অঙ্কুশা-.
কার এক রেখা মধ্যদেশে একবিন্দু তাহার নীচে সাতের
অঙ্ক ঐ উভয়ের অধোভাগে স্বস্তি এই শব্দ বিন্যাস
করিয়া পদ্যাদি লিখিবেক তদনন্তর শ্রীঅমুক দেবশর্ম্মণঃ
ইত্যাদি পদবিন্যাস করিবেক ভাষাতে কিম্বা সংস্কৃতে
মঙ্গলাদি সংবাদ লিখিবেক তদনন্তর শুভাশুভ সম্বাদ
সংস্কৃতদ্বারা বা প্রাকৃতে লিখিবেক ও যথার্থ সমাচার
ও অন্য২ বার্ত্তা এবং তাহার যশোবর্ণন এবং প্রীতি
জনক বাক্য শ্লোক দ্বারা বিন্যাস করিবেক অবসানে

কিমধিক মিতি ইহা লিখিয়া পত্র প্রেষণ শ্লোক এবং সংবৎসর মাস দিন অঙ্ক দ্বারা লিখিবেক এইপ্রকার সকল পত্রের মর্ম্ম জ্ঞান করিয়া বিচক্ষণ ব্যক্তি পত্র লিখিলে স্বদেশেএবং বিদেশে প্রতিষ্ঠার ভাগী হয় এবং এই রীতি ক্রমে রাজ পত্র লিখিয়া ঐ লেখক রাজমন্ত্রি দিগের সমান যশোভাগী হয় রাজার নিকটে প্রশংসার পাত্র হয় আর যদি এই সকল সন্দর্ভ না জানিয়া পত্র লিখে তবে রাজসভাতে মন্ত্রিবর্গের নিকটে অপযশো-ভাগী হয়। ৯।

অথ পত্র নয়ন ক্রমঃ।

শ্লোকঃ। রাজ পত্রং নয়েন্মূর্দ্ধি ললাটে পাত্র মন্ত্রিণাং। গুরু পত্রং নয়েন্মূর্দ্ধি ব্রাহ্মণানা তথৈব চ যতি সন্ন্যাসি নাঞ্চৈব স্বামিনশ্চ তথৈব চ। সাদরে ণৈব যত্নেন তথা মূর্দ্ধনি ধারয়েৎ॥ ভার্য্যা পুত্রস্য মিত্রস্য হৃদয়ে ধারয়েৎ সুধীঃ। প্রবীরাণাং কণ্ঠ দেশে পত্র ধারণ মীরিতং। এতেষাঞ্চৈব পত্রাণা মুক্তং ধারণ লক্ষণং। অন্যেষা মপি পত্রাণাং নিয়মো নাত্র দর্শিতঃ॥ ১০॥

অস্যার্থঃ। রাজার ও গুরুর ও ব্রাহ্মণের ও যতি সন্ন্যাসির ও স্বামির পত্র আদর ও যত্নের সহিত মস্তকে এবং পাত্র ও মন্ত্রির পত্র ললাটে, এবং স্ত্রী ও পুত্র ও মিত্রের পত্র হৃদয়ে এবং প্রবীর অর্থাৎ যোদ্ধার পত্র

কণ্ঠ দেশে জ্ঞান বন্ত ব্যক্তিরা ধারণ করিবেক, এই প্রকার পত্র ধারণের নিয়ম লিখিত হইল, এতদতিরিক্ত লিখন প্রয়োজনাভাব। :০।

অথ পত্র পঠন প্রকারঃ।

শ্লোকঃ ॥ পত্রং ধৃত্বা নমস্কৃত্য পূর্ব্বাগ্রং স্থাপয়েৎ সুধীঃ। দক্ষিণাগ্রেণ্‌ সদসি নৃপাগ্রে রাজ লেখকঃ ॥ পত্রং বিতত্য সদসি দ্বিবারং মনসা পঠেৎ। স্ফুটং পশ্চাৎ প্রবক্তব্য মক্ষোভো রাজ লেখকঃ ॥ রহসি শ্রাবয়েৎ পত্রং শুভম্বা যদি বা শুভং। পত্রং শ্রুত্বা বিদিত্বার্থং সভায়াং শ্রাবয়েত্ততঃ ॥ রহস্য পত্রং রহসি নৃপাগ্রে শ্রাবয়েদ্দ্বিজঃ ॥ অশুভং নৈব সদসি শুভং পত্রং নৃপাজ্ঞয়া ॥ এবং ক্রমেণ পত্রার্থং শ্রাবয়িত্বা দ্বিজোত্তমঃ। নৃপতেঃ সন্নিধৌ স্থিত্বা নৃপাজ্ঞা মনুবর্ত্ততে ॥ ১১ ॥

অস্যার্থঃ। পণ্ডিত ব্যক্তি পত্রধারণ করিয়া, নমস্কার পূর্ব্বক, পত্রকে পূর্ব্বাগ্র করিয়া রাখিবেক, পরে সভা মধ্যে রাজনিকটে, পাঠ কালে দক্ষিণাগ্র করিয়া রাখিবেক পরে পত্র বিস্তার করিয়া দুইবার মনে২ পাঠ করিবেক, পশ্চাৎ অক্ষোভ হইয়া প্রকাশ করিয়া পাঠ করিবেক, পত্র শুভ কিম্বা অশুভ হউক, অগ্রে গোপনে শ্রবণ করাইবেক পশ্চাৎ পত্রের অর্থ বোধ করিয়া

অর্থাৎ প্রকাশ্যাপ্রকাশ্য বিবেচনা করিয়া সভামধ্যে শ্রবণ করাইবেক, গোপনীয় পত্র গোপনে রাজাকে শ্রবণ করাইবেক, শুভ পত্র রাজার আজ্ঞাক্রমে সভা মধ্যে শ্রবণ করাইবেক, অশুভ পত্র সভা মধ্যে নহি, এই প্রকার পত্রের অর্থ শ্রবণ করাইয়া, রাজার নিকটে থাকিয়া আজ্ঞানুবর্ত্তী হইবেক। ১১।

অথ পত্র চিহ্নানি।

শ্লোকঃ॥ ঊর্দ্ধে ষড়ঙ্গুলং ত্যক্ত্বা বর্ত্তুলং চন্দ্র বিম্ববৎ। কস্তুরী কুঙ্কুমৈঃ কুর্য্যাদ্রাজপত্রং সুচি হ্নিতং॥ মন্ত্রিণাং কুঙ্কুমেনৈব পণ্ডিতস্যৈব চন্দনৈঃ। গুরুণাং চন্দনেনৈব সিন্দুরেণৈব স্বামিনঃ ভার্য্যায়াশ্চাপ্যলক্তেন চন্দনৈঃ পিতৃ পুত্রয়োঃ। সন্ন্যাসিনাং চন্দনেন যতীনাং কুঙ্কুমেন চ॥ রক্ত চন্দন পঙ্কেন ভৃত্যস্য সমুদীরিতং: শোণিতে নৈব শত্রূণাং পত্রং চিহ্নং প্রকল্পয়েৎ॥ এতেষা ঞ্চৈব সর্ব্বেষাং যথা যোগ্যানুসারতঃ। পত্রস্যো র্দ্ধেতু মতিমান্ কুর্য্যাৎ চিহ্নং সবর্ত্তুলং॥ ১২॥

অন্যার্থঃ। পত্রের ঊর্দ্ধে ছয় অঙ্গুলী প্রমাণ স্থান ত্যাগ করিয়া তাহার মধ্যে চন্দ্র মণ্ডলের মত বর্ত্তুলা- কার কস্তুরী কুঙ্কুমদ্বারা রাজপত্রের সুচিহ্ন, করিবেক মন্ত্রি ও যতির পত্রে কুঙ্কুমের চিহ্ন এবং পণ্ডিত ও গুরু ও পিতা পুত্র ও সন্ন্যাসির পত্রে চন্দনের চিহ্ন স্বামির

পত্রে সিন্দুরের চিহ্ন স্ত্রীর পত্রে অলক্তের চিহ্ন ভৃত্য-বর্গের পত্রে রক্তচন্দনের চিহ্ন শত্রুর পত্রে রক্তের চিহ্ন দিবেক এইসকল পত্রের ঊর্দ্ধে যথাযোগ্য দ্রব্যাদি দ্বারা বুদ্ধিমান্ লেখক সুন্দর বর্ত্তুলাকার চিহ্ন করিবেক। ১২।

অথ রাজ পত্রস্য কোণ কর্ত্তনং।

শ্লোকঃ॥ দক্ষিণে পত্রকোণস্য অধস্তাৎ ছেদয়েৎ সুধীঃ। একাঙ্গুল প্রমাণেন রাজপত্রস্য চৈব হি॥ ১৩॥

অস্যার্থঃ। পণ্ডিতব্যক্তি পত্রের দক্ষিণপার্শ্বে অধো ভাগে একাঙ্গুলী প্রমাণ ছেদন করিবেক রাজ পত্রের অন্য পত্রের ও এতদ্ভিন্ন অন্য কোন বিধি নাহি। ১৩।

অথ রাজপত্রাদেঃ পদ ন্যাসঃ।

শ্লোকঃ॥ মহারাজাধিরাজশ্চ দানশৌণ্ডং তথৈব চ। তথা সচ্চরিতং যোজ্যং কল্পবৃক্ষাদিকং ন্যসেৎ॥ যথা যোগ্যানুসারেণ তথৈব গুণভেদকঃ রাজপত্রেষু সর্ব্বেষু পদ ন্যাসক্রমং বিদুঃ। ১৪।

অস্যার্থঃ। মহারাজাধিরাজ এই পদ প্রয়োগান-ন্তর দান শৌণ্ড ও সচ্চরিত্র এবং কল্পবৃক্ষাদি বোধক শব্দবিন্যাস করিবেক তদনন্তর যথা যোগ্য গুণানুসারে রাজপত্রেপদ বিন্যাস করিবেক। ১৪।

অথ মন্ত্রি পত্র পদ বিন্যাসঃ।

শ্লোকঃ॥ পুরুং গুণ ভেদেন তথা সচ্চরিতা

দিকং। বিন্যস্য বিলিখেৎ প্রাজ্ঞো মন্ত্রিপত্রে পদ ক্রমং॥ ১৫॥

অস্যার্থঃ। বিশেষ২ গুণ বশত যে শ্রেষ্ঠতা ও সদ্ব্যবহার ইত্যাদি ঘটিত পদ বিন্যাস মন্ত্রি পত্রে করিবেক। ১৫।

অথ পণ্ডিতস্য।

শ্লোকঃ॥ সংখ্যাবদ্বন্দিত পদং শাস্ত্রার্থ নিপুণাদিকং। পণ্ডিতানাঞ্চ পত্রেষু বিলিখেদ্বৈ পদ ক্রমং। ১৬।

অস্যার্থঃ। সংখ্যাযুক্ত নমস্কার সম্বলিত পদ ও শাস্ত্রার্থ বিশয়ে পারগ ইত্যাদি পদ বিন্যাস পণ্ডিত গণের পত্রে করিবেক। ১৬।

অথ গুরুপত্রে পদ বিন্যাসঃ।

শ্লোকঃ॥ সাংখ্য সিদ্ধান্ত নিপুণং সনমস্কার কং পদং। বিন্যস্য বিলিখেৎ প্রাজ্ঞো গুরু পত্রে পদ ক্রমং। ১৭।

অস্যার্থঃ! সাংখ্যাদি নানাশাস্ত্রে মীমাংসা করণে নৈপুণ্য ও নমস্কার ইত্যাদি বিষয়ক পদাবলি গুরু পত্রে লিখিবেক। ১৭।

অথ স্বামি পত্রস্য পদ বিন্যাসঃ।

শ্লোকঃ॥ স নমস্কারং পূর্ব্বং প্রাণ প্রিয়া দিকং পদং। বিন্যস্য বিলিখেদ্ধীমান্ স্বামি পত্রে পদ ক্রমং। ১৮।

অস্যার্থঃ। বুদ্ধিমান ব্যক্তি নমস্কার সূচক পদ ও সর্ব্বোৎকৃষ্ট ও প্রাণতুল্য প্রিয় ইত্যাদি পদ শ্রেণী স্বামি পত্রে লিখিবেক। ১৮।

অথ ভার্য্যা পত্রস্য পদ ন্যাস।

শ্লোকঃ॥ প্রাণ প্রিয়া পদং সাধ্বী তথা সচ্চরিতাদিকং। ভার্য্যা পত্রে লিখেদ্বিদ্বান্ পদ ক্রম মনুত্তমং। ১৯।

অস্যার্থঃ। প্রাণ প্রিয়া ও সতী এবং তাহার সদাচার ইত্যাদি বিষয়ক অতি উৎকৃষ্ট পদ সমূহ ভার্য্যার পত্রে লিখিবেক। ১৯।

অথ পুত্রস্য পত্রে পদ বিন্যাসঃ।

শ্লোকঃ॥ প্রাণ পুত্র পদং তত্তথা সচ্চরিতাদিকং। আশীর্ব্বচন সংযুক্তং পুত্র পত্রে পদক্রমং। ২০

অস্যার্থঃ। আশীর্ব্বাদ সম্বলিত সচ্চরিতাদি ও প্রাণতুল্য ইত্যাদি পদ বিন্যাস পুত্রের পত্রে করিবেক॥ ৩॥ ২০॥

অথ পিতৃ পত্রস্য।

শ্লোকঃ॥ প্রভুবর্য্যং নমস্কারং তথা সচ্চরিতাদিকং। বিন্যস্য বিলিখেৎ পুত্রঃ পিতৃ পত্রে পদ ক্রমং। ২১।

অস্যার্থঃ। পিতৃ পত্রে নমস্কার পূর্ব্বক সর্ব্ব শ্রেষ্ঠত্ব ও সদাচার ইত্যাদি বিষয়ক পদপ্রয়োগ করিবেক। ২১

অথ সন্ন্যাসি যতি পত্রস্য।

শ্লোকঃ॥ সর্ব্ববাঞ্ছা বিনির্ম্মুক্তং সর্ব্ব শাস্ত্রার্থ পারগং। সন্ন্যাসি যতি পত্রেষু বিলিখেচ্চ পদ ক্রমং। ২২।

অস্যার্থঃ। সন্ন্যাসিকে পত্র লিখিতে হইলে সর্ব্ব বাঞ্ছা বিনির্ম্মুক্তং অর্থাৎ সকল সুখেচ্ছা হইতে বিরত এই অর্থবোধক পদ লিখিবেক। যতিকে সর্ব্ব শাস্ত্রার্থ পারগ অর্থাৎ সকল শাস্ত্রের অর্থজ্ঞ এই লিখিবেক। ২২

অথ সামান্যং প্রতি।

শ্লোকঃ॥ সামান্য ভৃত্য শত্রূণাং বিনিযো-জ্যামুকং প্রতি। শস্ত্রাবশেষিত পদং ছাগতু-ল্যাদিকং তথা। এতেষা মেব পত্রেষু যথা যো-গ্যানুসারতঃ। বিনস্য বিলিখেৎ প্রাজ্ঞঃ পদক্রম মনুত্তমং। ২৩।

অস্যার্থঃ। সামান্য ভৃত্যকে লিখিলে বিনিযো-জ্যামুকং প্রতি অর্থাৎ বিনিযোজ্য শ্রীযুক্তামুক প্রতি লিখনং। শত্রুকে লিখিলে শস্ত্রাবশেষিত কিম্বা ছাগ তুল্য লিখিবেক। যে সকল শব্দ বিন্যাস করিলাম এই রূপ অর্থানুযায়ি শব্দ সকল ব্যক্তি বিবেচনা করিয়া যথা যোগ্য লিখিবেক। ২৩।

অথ শ্রীশব্দ বিন্যাস সংখ্যা যথা।

শ্লোকঃ॥ ষড়্গুরোঃ স্বামিনঃ পঞ্চ দ্বেভৃত্যে

চত্বরো রিপৌ। শ্রীশব্দানাং ত্রয়ং মিত্রে একৈকং
পত্র ভার্য্যয়োঃ। ২৪।

অস্যার্থঃ। গুরুর পত্রে শ্রীশব্দ ছয় লিখিবেক
স্বামির পত্রে পাঁচ এবং ভৃত্যের পত্রেদ্বই ও শত্রুর পত্রে
চারি মিত্রের পত্রে তিন স্ত্রী পুত্রের পত্রে এক এক
শ্রীশব্দ দিবেক। ২৪।

অথ রাজপ্রশস্তিঃ।

স্বস্তি গীর্ব্বাণচয়চূড়ারত্নরাজিরোচিশ্চুম্বিত চন্দ্রচূড়
চরণনখেন্দুবৃন্দচন্দ্রিকাসন্দোহাস্বাদ চতুরচেতশ্চকোরবর
বিষমসমরসঞ্চরৎপ্রবলতরতুরগখুরপুটপটলদলিতভূপৃ-
ষ্ঠোত্তিষ্ঠদ্ভূয়িষ্ঠধূলিধারাধূষরিতসকল হরিদন্তর প্রচণ্ড-
ভুজদণ্ডভ্রাজমানখরতরাসি বিত্রাসিত প্রত্যর্থিপৃথ্বী-
পতিসার্থ প্রার্থিতানুকম্পা সুধাসম্পাতানবরত বিদ্বদা-
রিদ্রবিদ্রাবণদ্রবিণরাশি বিশ্রাণনসমুপার্জ্জিতোর্জ্জিত-
যশোমরালাবলি কবলিত বলি দধীচি সঞ্চিত যশো
মৃণাল জালভূপাল কুলতিলক শ্রীযুত মহারাজাধি-
রাজেষু ॥ ১ ॥ ৪০৪ ॥ ৪০৪ ॥

স্বস্তি ভগবচ্চরণারবিন্দ দ্বন্দ মকরন্দসন্দোহাস্বাদা-
নন্দিত মনোমিলিন্দাবলি গীর্ব্বাণগণ দারিদ্র্য বিদ্রাবণ
দ্রবিণরাশি বিশ্রাণনোপার্জ্জিতযশঃ সুধাধাম ধারা
লঙ্কৃত ধরামণ্ডল প্রবল প্রতাপ বীতিহোত্র জ্বালা
কলাপ কবলীকৃত শাত্রব শলভ ব্রাতেষু। ২। স্বস্তি

সুচিরারাধিত শ্রীবিশ্বেশ্বর চরণ সরোরুহানুগ্রহ সমাসাদি তাতি বিততা নবদ্য বিদ্যা বিলাস পীযূষ পরম্পরা পরাভাবুকানুপম মাধুরী ধুরীণ বিবিধালঙ্কারালঙ্কৃত দোষ শঙ্কা কলঙ্কা স্পৃষ্ট ভূয়িষ্ঠ শব্দার্থ সন্দর্ভ চাতুরী সমুপচিতানুপম-যশঃ শারদ সুধাধাম ধারা ভূষিত ভূমণ্ডলা খণ্ডল সম্মানিত ভূমণ্ডল মণ্ডনায়িত শ্রীযুত মহারাজাধিরাজেষু ।৩। স্বস্তি বলি কর্ণাদি বদান্যগণ সঞ্চিত যশস্তারকা পটলপরাভাবুকা নবরত বিতরণ বিহিতাতি নির্ম্মল যশো হিমাংশু প্রাংশু দান সুধা ধাম ধাম ধারা ধ্বংসিত বিদ্বদ্দারিদ্র্য ধ্বান্ত সন্তানাহিতোদ্বেগ ভব পরমোজ্বল প্রবল তেজো বাডববীতিহোত্র বিহিতাবিহিত গণাখর্ব্ব গর্ব্বাকূপার বীচি বিলাস বাস বাবাস সুখারোহণ সাধন সোপানায়িত ভূদেব কুল পাবনোচিত পুণ্য পরম্পরা পবিত্রীকৃত ধরিত্রীতল শ্রীলশ্রী মহামহিমসু ! ৪। স্বস্তি শ্রীমন্মুরহর পদ পাথোরুহ নিঃসরন্মকরন্দ সন্দোহাস্বাদন তুন্দিল মনোমৈলিন্দ ভুবৃন্দারক বৃন্দাবন সঞ্চিত সুকৃতরাশি নাশিতাশেষ প্রত্যূহ ব্যূহানবরত বিশ্রাণনোপার্জ্জিত দিগন্তর সঞ্চারি বিমল যশো মরালাবলি কবলীকৃত বলি দধীচি প্রভৃতি বদান্য বহু সঞ্চিত যশো মৃণাল জাল প্রবলতর প্রতাপা হব্যবাহন জ্বালা জাল জড়ীকৃত প্রত্যর্থি পতঙ্গ সার্থেষু ।৫। স্বস্তি শ্রীমদ্দোর্দ্দণ্ড

সংলগ্নকোদণ্ডাভিঘাত ভ্রুমদ্গিরিগ্রাববিদ্রাবিতা শেষ শত্রুজাল বিপক্ষ দাব দাবানল গজ ঘণ্টা রণৎকার নির্জ্জিত সকল ভূপাল সৌন্দর্য্য নির্জ্জিত সার যশঃ পূর কর্পূরসার পূরিতঃসংসার সমস্তপ্রক্রিয়া বিরাজমান প্রবল প্রতাপ মহারাজ রাজাধিরাজ সচ্চরিত্রেষু। ৬। স্বস্তিশ্রীমদতি প্রচণ্ড নিজ ভুজ দণ্ড সংলগ্নকোদণ্ড শর-কাণ্ড তাণ্ডবাব খণ্ডিতারি মণ্ডল নিখিল ভুবন ভূপাল মৌলি মুকুট মণিময় ময়ূখ মালা বিলাসিত চরণ পঙ্ক-জেষু। ৭। সমস্তানন্দা নন্দমন্দির রমোমা রমণ চরণ পরি-চর্য্যা পরায়ণান্তঃকরণাবাপ্ত সমস্ত বৈভব নিজ যশঃপূর কর্পূর পূরিত পরিচর্য্যা হরিদন্তরালেষু। ৮। পরায়ণা-ন্তরালে নানাবিধ ভারভী সম্ভার সম্ভাবিতাভি নব বদ নার বিন্দ গুণি জন বিশ্রাম ধাম ত্রিভুবন বিখ্যাত নাম পূরিত ভূরীকৃত যাচক কাম সকল গুণ গণালঙ্কৃত স্বা-শ্রিত জন কল্পবৃক্ষেষু। ৯। স্বস্তি শ্রীপরিতঃপ্রতপ্তাৎ প্রতাপ তপনোৎসারিত প্রচুরতর দোষানুগত প্রত্যর্থি পার্থিবান্ধকার সমরাজিরাদিত্যা সুগাপগাপতি প্রভূত যশশ্চন্দ্র চন্দ্রিকোদ্যোতিত সকল সংসার বহুতর কর গ্রহণাত্ম সাংকৃতানেক বিধ বাজি মণি মুক্তাদি বহু বি-ধানর্ঘ্য সমর্পণ সন্তোষিত বহুদেশীয় বিবুধ সমাজ প্রদ্যুম্ন স্পৃহণীয় রমণীয় লাবণ্য নিলয় সত্যার্জ্জব ধর্ম্ম কর্ম্মাদি ভরিত ভুবলয়শ্রীমহারাজাধিরাজ দানশৌ-ণ্ডেষু। ১০। স্বস্তি শ্রীপুরন্দরাদি বৃন্দারক বৃন্দ বন্দ্য শ্রীগোবিন্দ পদ দ্বন্দারবিন্দ নিঃস্যন্দ মানানন্দ মকরন্দ

তুন্দিলেষু। নধবৃত্তেষু। কল্পবৃক্ষেষু।১১। উজ্জ্বল কুলিশ কল্পকাল করাল করবালাঙ্কুল পঞ্চাস্য খণ্ডিতারাতি দন্তাবল গণ গলত্রক্ত সম্পাত শোণায়িত গোত্র শাত্রব গাত্রেষু। ১২। অবিরত বিতত বিতরণ বিতন্ত্রিত সুর সরিল্লহরী গরিম গুণ গণেষু। শ্রীমহাবল মহিমসু। ৩১। স্বস্তি প্রচণ্ড ভুজদণ্ড খণ্ড খণ্ডীকৃতারাতি মণ্ডল হস্তি বেতণ্ড গণ্ডোন্মুক্ত মুক্তা মণ্ডলী মণ্ডিত সংগ্রাম ভূম ণ্ডল হৃদ্যানবদ্য গীত ধুরীণ গন্ধর্ব গণ গীয়মান পুণ- শ্রবণান্দোলিতা খণ্ডল শ্রবণ কুণ্ডল পিষ্টপ প্রসৃমর শুভ্র তর যশস্তোম ধুরীকৃত দ্বিজরাজ প্রত্যর্থি প্রোৎ সারণা দেশিত পদ প্রণত বিবিধ রাজসমাজ শূরবলয়ালে পীকৃত কীর্ত্তি কন্দর্প রমণীয় মূর্ত্তিশ্রী মহারাজাধিরাজ সচ্চরিত্রেষু। ১৪। স্বস্তি যশোজাল বাল মরাল ধবলিত দিগন্তরাল কর কলিত করাল করবাল সৌশীল্য পা- টীর তরুমলয় সত্যার্জব দয়া ধর্ম্মাদি ভরিত ভূবলয়া জিহ্ম বৃন্দ ব্রাহ্ম্য ধর্ম্মাধার গাম্ভীর্য্য ধারীকৃত পারা বারশ্রী মহারাজ সচ্চরিত্রেষু। ১৫। স্বস্তি প্রতপৎ প্র- তাপ তপনোত্তাপিত প্রত্যর্থি সার্থা পূর্ব্বতর শৌর্য্য সমীকৃত পার্থ যশস্তোম সোম ধবলিত ধরণী মণ্ডল সন্তত বিরচিত পাষণ্ড মণ্ডল নাশ সন্তোষিতা খণ্ডল বিবিধ বিদ্যা বেদ্য বদন বিদ্যা বিস্মরণ সততারাধিত শ্রীমন্নারায়ণ চরণারবিন্দ শ্রীমন্মহারাজাধিরাজ সচ্চরি- ত্রেষু। ১৬। স্বস্তি শ্রীমদ্বৃন্দারক বৃন্দ বন্দিত পদারবিন্দ দ্বন্দ্ব শ্রীগোবিন্দানন্দিত মানস স্ফুরদ্ভুদ্দোর্দ্দণ্ড চণ্ডিমবর

খণ্ড খণ্ডীকৃত বিপক্ষ রাজন্য লক্ষা বিরতাভুল রক্ষ কিঙ্করণ প্রভাব সঙ্কোচিত কামধেনু কল্পদ্রুম চিন্তামণি গণ মহামহিমসু। ১৭। স্বস্তি ত্রিভুবন ভবন ভাবন শ্রীনারায়ণারুণ চারু চরণ কঞ্জ কিঞ্জল্ক জাল মালা লোলুপ মধুপায়মান মানসবরেষু।১৮। পারাবারাপারপরমোদার চরিত বিত্ত বিতরণ নির্জ্জিত জগজ্জন যশোরাশি হংসী শোভা ভাসিত শশিকান্ত কল্পলতিকেষু। ১৯। স্বস্তি প্রচণ্ড ভুজ দণ্ড খণ্ডিতা শেষ দেবতা রাতি পরেশ পদপঙ্কজ ধ্যানোপলব্ধ বিজ্ঞান বিদ্যোন্তিতান্তঃকরণ সমাসাদিত পরমাহ্লাদাতিরেক জনিতেচ্ছানেক শাস্ত্র বাদোপাদন সমাসাদিতাপবর্গ মার্গেষু। ২০। মহানুভাবানু চরিত চিত্তাদ্বৈত ভাবনা বলিত চিন্তানুগতেষু। ২১। স্বস্তি শ্রীসমস্তানন্দ মন্দির গুণ বৃন্দ সুন্দর মুকুন্দ পদারবিন্দ দ্বন্দ্বা মন্দলেহ মেদুর মকরন্দ বিন্দু মৌলিকৃত হৃদয়ারবিন্দ সম্ভূত বিভবা ধরীকৃত সুরকুলতিলক সৌভাগ্য সুন্দরেষু। ২২। অহরহঃ সুবর্ণভার বিতরণ বিদীর্ণ বিবিধ বিপ্র দৈন্য পটলেষু। ২৩। অতি প্রচণ্ড কুণ্ডলী দণ্ড প্রচণ্ড দোর্দণ্ড কুণ্ডলিত কোদণ্ড শরকাণ্ড তাণ্ডব খণ্ডিতারি মণ্ডল প্রকাণ্ড মুণ্ড মণ্ডিতাখণ্ডল জগন্মণ্ডলায়মানা খণ্ডল সমুচ্চঞ্চলচ্চণ্ড দুগ্ধসিন্ধু সমুদ্বেল্লদখণ্ড হিণ্ডীর পিণ্ড পাণ্ডুর কুণ্ড যশো নিখিল সাম ভূমি ভূপাল রত্নমহী বরণধীর মৌলিমালা বিলাসিত চরণাম্বুজেষু। ২৪। স্বস্তি শ্রীমদ্গৌরীনাথ চরণারবিন্দ নিঃস্যন্দমান মকরন্দসন্দোহ পানানন্দিত শান্ত

মধুব্রত বিবিধ গুণোপার্জ্জিত কীর্ত্তি সুধাংশু কিরণ ধোরণী ধবলীকৃত ধরামণ্ডল নিজতেজ স্তোম খর্ব্বী-কৃতা রাতি প্রচয়ো ত্তুঙ্গ তরঙ্গ বারণ চমূ নিচয় বিস্ফা-রিত রণ গরিমাগ্রগণ্য গণনীয়বর নিখিল শাস্ত্রাভ্যাসো দ্দীপ্ত বাগ্জাল পণ্ডিত ব্যাপ্ত গোষ্ঠ,বহিত মহেন্দ্র ধামা-শেষ দানোদ্ভূত বরেণ্যক কৃত কর্ণাবদাত যশঃ পট-লেষু ।২৫। স্বস্তি প্রবল বলাহক নিকায় প্রতীকাশ গণ্ডস্থলা বিরল বিগলন্মেলেয় ধারা পূরিতা খণ্ড ভূম-ণ্ডল দন্তাবল পটল সমুদায় প্রলয় প্রভঞ্জন প্রতিমজ্যা খর্ব্ব গর্ব্ব গন্ধর্ব্ব গণ খুর ক্ষুণ্ন ক্ষৌণীতলো চ্চলিত ধূলী পটল মহোন্নতি পটিম সমবর্দ্ধিত মার্ত্তণ্ড মণ্ডল তিরস্কার গরিম সমুচ্ছ্রায়িত বিবিধ বৈজয়ন্তী চয় চারু চেলাবলী বিচিত্র হার বিহার স্থল পাদাত সংঘাত সমুদ্ভ্রমিত চামীকরশতচন্দ্র চর্ম্মনিচয় চমৎকার সম্ভা-বিত ত্রিলোকীতল সম্বর্ত্ত সময় ভ্রম ভব নিজ ধরণী নায়ক গণ সমর বিজয় সমুদ্যম সমীহ গোপুর নিঃসরণ বৃত্তান্তা কুল ভয় বিকলিতো জ্ঝিতালয় পারাবার গত বিপ্রতীপ ভূপাল কুল বামলোচনা নয়নাবলী বিগলি-তাশ্রু ধারা সমুৎপাদিত পারাবার পরিস্ফূর্জ্জৎ প্রতাপৌর্ব্ব বৈশ্বানর জ্বালাজালাবলীঢ ত্রিভুবন বিবর সমরেষু ।। ২৬ ।। কনক করি তুরঙ্গমাদ্যনেক বিধ বিধি বোধিত বিতরণ কৃতার্থী কৃত সার্থ গীয়মান যশঃ প্রকাশী কৃতাশামণ্ডলেষু ।। ২৭ ।। স্বস্তিশ্রীমদ মন্দমদর মন্দাকিনী মধরন্দ তরঙ্গ ধারা নির-

স্তর শীকর সংসিক্ত মন্দার কুসুম নিঃস্যন্দিত মকরন্দ বিন্দু সন্দোহ স্বহৃদয়া ধীশা শেষ শায়ি চরণ স্মরণ রসিক নিজ চরিত্র চমৎকার স্মরণ বিস্মারিতোর্শী নরশিবি দধীচি রাধেয় গুণ বর্ণনেষু। ২৮। গুণগণ বিচারমান হয় চমু পুরঃসর প্রতি ভটকটক বিজয় যাত্রাবসর জৈত্র ভুজঙ্গম জৃম্ভায়মাণ প্রত্যাকৃষ্ট কোদণ্ড বন্ধা সাদিত শরকাণ্ডা খণ্ডিতাবলি খণ্ডা খণ্ডল গর্ব্বিতা রাতি মণ্ডল নির্ভিন্ন চণ্ডকার মণ্ডলেষু।২৯। চত্বর দধি মহীমণ্ডলা হবনীয় কুণ্ডপ্রচণ্ডপ্রতাপ বীতি হোত্র হূয়মান মহাসি জিহ্বা স্রাবিতা শেষারি মুণ্ডখণ্ডপুরোডাশ পূরিত রণ ধরণী মণ্ডলোদ্দামেড়াভাগ গ্রহণ মহোগ্র গুহা হূত ভূত ভৈরব কৃতা শীরাশংসন সমুদ্ভূত মহাভ্যুদয়েষু।৩০। মত্ত মাতঙ্গ তরল তর তুরঙ্গ রিঙ্গণ রসিক রণ ধীরবীর কর কীর্য্যমাণ কর্ণি নালীক নারাচ চর্বতারাতি বিতত বিচ্ছেদিত শিরো গলদসৃক পান পানক পীন ক্ষীব মক্ষ রাক্ষস বিক্ষোভিত ক্ষিতিধর ক্ষুব্ধ সিন্ধু সমুচ্চল তুঙ্গ তরঙ্গ তুন্দিল কল্লোলাপ্লাবিত ব্রহ্মাণ্ডমণ্ডল পাকাণ্ড কৃত ব্রহ্মাদি দেব কম্পান্ত ভ্রামাবিভূর্ত ভূতপতিতাণ্ডবাড় ম্বর বিড়ম্বিত মৃড়ানী বিভ্রমেষু। শ্রীমহারাজাধিরাজ মহানুভব চরিতেষু ॥৩১॥ স্বস্তি প্রতাপ তপনো- ত্তাপিত প্রত্যর্থি পার্থিবসার্থ মুকুট কোটি কর্ষিত চরণ নখকান্তি কর্ব্বুরিত পাদ পীঠ সম্বাহনা দেশিত বিবিধ রিপুরাজ কুমারা খণ্ডল পরি সত্ত্ব নর্ত্তন পরমুহুঃকী র্ত্তনীয় রূপ সম্পদাকর্ণন মন্দীকৃতাভিমান মার যশ

স্তোম সোম ধবলিত ধরণী বাস্তব্য বিদ্বদ্বৃন্দ বর্ণ্যমান কীর্ত্তি প্রকর সৌন্দর্য্য গাম্ভির্য্যৌদার্য্যাদি বহুবিধ গুণ মনোহর শ্রীমহারাজেষু। ৩২। স্বস্তি যশশ্চন্দ্র চন্দ্রিকোদ্দ্যোত বিদ্যোতিত জগন্মণ্ডল কীর্ত্তি নর্ত্তকী রমণীয় শ্রবণ কুণ্ডল ভূরি দ্রবিণার্পণ সন্তোষিত ভূদেব নিকর খণ্ডিত রিপু মণ্ডল মুণ্ডমালা মণ্ডলী মণ্ডলা রাধিত শঙ্কর বিবিধ বিদ্যা বদনবদ্য শয়ণ সদারাধিত হরি চরণ শ্রীমহারাজেষু। ৩৩। স্বস্তি যশো মরালাবলী মণ্ডিত সংসার কাসার সৌজন্যৌদার্য্য শৌর্য্যাদি বিবিধা নবদ্য গুণ গ্রাম সজ্জন হৃদয় লতা লম্বন সহকার শত বিরচিতানেক প্রত্যর্থি পার্থিবাঙ্ককার শ্রীমহারাজেষু। ৩৪। স্বস্তি প্রচণ্ড দোর্দণ্ড খণ্ড খণ্ডীকৃতা রাতি মণ্ডলাবৃত্তভূগণ্ডোন্মুক্ত মুক্তা মণ্ডলী মণ্ডিত সঙ্গ্রামাঙ্গন রিঙ্গ বিঙ্গ মান কে রব ভৈরবগণ চর্য্যমাণানেক বিধ বারণ বাহাদি কায় কাণ্ড বক্রতর নক্র চক্র চংক্রমণ দুরতিক্রমণীয়া পগাপতি প্রভূত যশশ্চন্দ্র চন্দ্রিকা দ্যোত বিদ্যোতিতাখিল জগন্মণ্ডল বিবিধ দ্রবিণার্পণ সন্তোষিত সুরিসমূহ স্তূয়মানা বদাতবর্ণ কীর্ত্তি নর্ত্তকী নর্ত্তন লীলা লেপ লেপিতাজব বর্য্যানি কায়াত্তি হার্য্য গীতি ধুরীণোর্ব্বশ্যাদি বেশ্যাজন সবিলাস গীয়মান গুণ শ্রবণান্দোলিতা খণ্ডল শ্রবণকুণ্ডল পরিতঃ প্রসর্পিত প্রতাপ তপনোত্তাপিতা রাতি তৃতি সমধ্যাসিত নিকুঞ্জ পুঞ্জ গুঞ্জ চ্চঞ্চরীক চয় চুম্বিতা ধর বিম্ব রিপু রাজ সুন্দরী সুন্দর কুচ কুম্ভালোকন জায়মান স্পর্দ্ধা

ধর্ম্ম মানোত্তর দ্বিরদ মদোদ কর্পূর পূরিত রিপু রমণীয় নয়ন নীরকল্লোলিনীক দুষ্ট কল্লোল মালা সন্তুষ্ট তুহিন গিরি বসতি কিন্নরাদি বিস্তীর্ণ স্তুতি কথা কর্ণন সন্তুষ্ট শঙ্কর সৌন্দর্য্য সম্বাদকা কর্ণন সদাতৃজায়মান মানসা নেক বিবিধ বিধি বিধিভূত মনসিজ শাসনা সম্ভূতা বলোকনোৎ কলিকা কুলাকুল মরাল নম্রভোগি বর বর্ণিনী বর্ণিত রূপ রীতি শ্রব স্পর্দ্ধমান প্রদ্যুম্ন প্রস্তুত সৌন্দর্য্য গাথা প্রমুদিত শ্রীমন্নারায়ণ চরণ কিঙ্কর শ্রীম-হারাজাধিরাজ মহাদান শৌণ্ডেষু। ৩৫। ইতি রাজ-প্রশস্তি॥ ০॥

অথ মন্ত্রি প্রশস্তিঃ।

স্বস্তি শ্রীমৎসমস্ত সামন্ত সেবক নির্ব্বাহকেষু। ১। কোষ গো কৃষী বল গজ বাজি গৃহ পরিবার হর্ষহেতু নীতি সেতু রক্ষণ নিপুণেষু। ২। অস্মদ্বিশ্বাসৈক নি-কেতনেষু। ৩। শ্রীশ্রীমন্ত্রি প্রবীরেষু। ৪। আশীরাশি নিবেদন কোহয়ং বর্ণ ভূতোঽত্রত্যং ভব্য মাবেদয়ন তত্রত্যং ভব্য মব্যাহত মনুদিন মনুক্ষণং পৃচ্ছতিস্ম। ৫। স্বস্তিশ্রীনারায়ণনলিন চরণ স্মরণ তপন তাপ বিনাশিত নিতান্ত শান্ত স্বান্ত ধ্বান্ত লবন পটলেষু॥ ৬॥ স্বধর্ম্ম পরায়ণ মহোদার চরিত মন্ত্রি প্রবর সচ্চরিত্রেষু। ৭ স্বস্তি শ্রীভগবচ্চরণ পরিচর্য্যা পরায়ণান্তঃকরণাবাপ্ত শুদ্ধ ধর্ম্ম ধর্ম্মাচরণ শর্ম্ম বর্ম্ম বিরাজ মান মানস সরসী সঞ্জা তার্জিত পদ্মশত পত্র পত্র পুঞ্জ স্বচ্ছ কলেবর শ্রীশ্রীমন্ত্রি প্রবরেষু। ৮।

অথ পণ্ডিত প্রশস্তিঃ।

স্বস্তি শ্রী মদনবদ্য বিদ্যা বিদ্যোত্মান প্রাপ্ত রাজ সম্মান সজ্জন সভা হংসেষু। ১। নিরবদ্য গদ্য পদ্যানেক হৃদ্য বিদ্যা বিদ্যোত খদ্যোতী কৃত গীর্ব্বাণ গুরুষু ২ স্ববংশো চিতাচার নিষ্ঠা কনিষ্ঠী কৃত বশিষ্ঠ বিশ্বামিত্রাদি মুনি বরিষ্ঠেষু। ৩। গৌতমীয় নয় গৌতমা চার্য্যেষু। ৪। নিজবংশাবতংশেষু শ্রীপণ্ডিত প্রবরেষু। ৫।

অথ গুরু প্রশস্তিঃ।

স্বস্তি শ্রীনারায়ণ পদ পাথোরুহ নিঃসরন্মকরন্দ মধু পায়মান মানসেষু। ১। বিবিধ বিদ্যা বিদ্যোতিতাখিল গুণ গণালঙ্কৃত বেদ বেদাঙ্গ পারগ স্বাশ্রুমোচিতাচার সম্পন্ন পরমহংস পরিব্রাজকাচার্য্য সেব্যমান শ্রীগোবিন্দ স্বরূপ গুরু চরণারবিন্দেষু। ২। কোটিশঃ প্রণামাঃ।। ০।।

অথ ভার্য্যায়াঃ স্বামি প্রশস্তিঃ।

স্বস্তি শ্রীমদুদ্দাম প্রেম হেম ভূষিতাস্মদাদি ভক্ত জনেষু! কর্ণয়ো রধিষ্ঠানেষু নেত্রয়োরধি দৈবতেষু। কামস্য পরিণামেসু। চতুর্ব্বর্গ প্রদায়কেষু। মমা পররূপেষু স্মানরূপেষু। শ্রীমৎস্বামি চরণার বিন্দেষ।

গোবিন্দ ইবেন্দিরায়াঃশঙ্করইব গিরিজায়া মহেন্দ্রা ইব পুলোমজায়াঃ প্রতিদিনং বর্দ্ধমানা সমারাধনা প্রণামপূর্ব্বমাস্তাং।।

অথ ভর্ত্তু র্ভার্য্যা প্রশস্তিঃ।

স্বস্তি শ্রীমৎ সমস্ত প্রেম পয়ে লাবণ্য মর্ত্তো প্রিয়ন্তং

মায়াং নেত্রযুগস্য কনীনিকায়ামিব চন্দ্রস্য কৌমুদ্যামিব কমলা করস্য কমলিন্যাঁমিব সপ্রেম নিবেদয়ন্তী পুত্রী। ১। শুভাশী রাশী র্নিবেদয়তু সর্ব্বদা।

অথ পুত্রস্য পিতরং প্রতি প্রশস্তিঃ।

স্বস্তি মদভিনব বসম্বদ চিত্ত চিন্তিত স্বীয়ানু রাগানু রঞ্জিতগৃহীত স্বগৃহ্য বর্গেষু। ১। নিজ চরণ সরোজ রঞ্জিত পরাগ সংরক্তাস্মদাদি ভাল স্থল বিশাল ভাগ্য সম্ভাবকেষু। শ্রীযুত পিতৃ চরণ সরোরুহেষু। ২। অকিঞ্চিৎ কর কিঙ্করস্য মম বদ্ধকর সম্পুটস্যাবনী পৃষ্ঠালগ্নাঃ সাষ্টাঙ্গ প্রণতয়ঃ সহস্র মজস্রং বিজ্ঞাপ্যঞ্চ। ২।

অথ পিতুঃ পুত্রং প্রতি প্রশস্তিঃ।

স্বস্তি শ্রীবিশ্বেশ্বর চরণ সরোরুহানুগ্রহ সমাসাদিতাতি বিত্রতানবদ্য বিদ্যা বিলাস পীযুষ পরম্পরা পরাভাবুকানুপম মাধুরী ধুরীণ বিবিধ গুণালঙ্কৃত নিজ বংশাবতংস সকল বিশ্বাস নিধান নিজকুল পবিত্রী কৃতাত্ম প্রায়েষু। শ্রীযুতশুদ্ধাচার পরি পূরিত পুত্রেষু। ১। শুভাশিষাং রাশয়ঃ বিজ্ঞাপ্যঞ্চ।।

অথ সন্ন্যাসি যতি প্রশস্তিঃ।

স্বস্তি শ্রীমৎ পরমহংস পরিব্রাজকাচার্য্য করণ নিপুণতা পরাঙমুখেষু। ১। বিষম বিষয় দোষ দর্শন দূষিত প্রপঞ্চ রচনা বিভাবেষু। ২। বেদ বেদান্ত সাংখ্য সিদ্ধান্ত বদ্ধদেব প্রকৃতি পুরুষ বিবেকজ্ঞান শালিষু। ৩। সংখ্যা বন্মুখ্য বন্দিত চরণারবিন্দ স্বাশ্রুমোচিতাচার পরিপালন পবিত্রীকৃত ধরিত্রী তলেষু। ৪। সকলভূদেব

পূজিত শ্রীযুত গোস্বামি চরণারবিন্দেষু। ৫। মমাবনী সংলগ্নাঃ সাষ্টাঙ্গ প্রণাম সহস্রমজস্রং ওঁ নমো নারায়ণায়েতি মন্ত্রেণা কলিত মস্ত।৫।

অথ ভৃত্য প্রশস্তিঃ।

স্বস্তি ভগবচ্চরণ পরায়ণ সকল দ্রবিণাধিরক্ষক গোমহিষ্যাদি প্রতিপালক নিখিল বংশানু সেবক বশম্বদামুক ভৃত্যং প্রতি। ১।

অথারি প্রশস্তিঃ।

স্বস্তি সমরাঙ্গন ভ্রষ্ট প্রতিভটা যশঃ পরিপূরিত সকল সামন্ত রাজধানী বিজৃম্ভিত বীর শস্ত্রাবশোষিত নিজ বংশানুরক্ষক সতত পরিত্রস্ত শরণাগতামুকং প্রতি। ১।

অথ বিবেকিনাং প্রশস্তিঃ।

স্বস্তি শ্রীভগবৎপদ পঙ্কজ পূজনোচিত পুণ্য পুঞ্জ পবিত্রীকৃতান্তঃকরণ দিগ্বিলাসিনী বিসরদ্ধম্মিল্ল মিলন্মল্লীমালা কলা যশোনুবন্ধি নিরবধি বসুবিশ্রাণনা ধরীকৃত সুরপুর ভূমীরুহেষু। ১। স্বস্তি শ্রীমৎ পরমেশ্বর পদ পার্থো রুহাস্বাদ চতুর চিত্ত চঞ্চরীক ভূবৃন্দারক বৃন্দাবন জনিতামিত যশঃ পটীর পঙ্ক পটলা লঙ্কৃত দিগঙ্গনা গণ স্তনতট প্রবল প্রতাপৌর্ব্ব খর্ব্বীকৃত প্রত্যর্থি সার্থঃ গর্ব্বাকূপার পারেষু। ২।

অথ ঋণাপ্যাকাঙ্ক্ষা পত্র লিখন প্রকারঃ।

স্বস্তি শ্রীযুক্তদাপ্তবর্য্য মহাশয়েষু। অমুক জীকো রামরাম বাঁচনে কে আগে ॥ ১॥ লেখাযাতা হ্যায়

হম্ সোন্‌তে হেঁ যো ইরাণ কি কেত্‌নি হি ফৌজ অওর সেপাহিয়োঁনে তোম্‌হারে মোল্লুক মেঁ যাকর অকসর বাশেন্দে লোগোঁকো যোল্ম অওর যবরদস্তি সে অপ্‌নে তাঁবে করলিয়া হ্যায় ইসমেঁ হম অফ্‌সোস কে হাত্ত আচম্বে হুয়ে ইস্‌লিয়ে কে তোম্ অপ্‌নে মোল্লুকে রাজা হো অওর অপ্‌নে রাজ কি হেফাযত অওর খবরদারি নহিঁ কর সক্তে হে ভগবানজীকে কহনে কোভি ধোড়া ইয়াদ কিজিও আজুরা জেস্‌মেঁ মেলে গা ওস্‌কাভি খ্যায়াণ কিয়াচাহিয়ে মযুর হোকে গাফেল হোনা আচ্ছা নহিঁ আখের ক্যা জওয়াব দেওগে কেস্ ওয়াস্‌তে কে অওর বরস উসি ইরাণ কে রাজ্জানে খেয়ালফাসেদ্ সে বহোত্ তুরকী অওর রুমী ফওজ হমারে রাজপর চঢাইকে এরাদেমেঁ ভেজ দিথি তেস্ পিছে ওস্‌তরফকে রখ্‌শীয়ে ফওজ নে হমারে মোল্লুক পর চঢাইকে আগে এক আদমি দূত কে হাত একপত্র ইসি মযমূন সে জো লড়াই ভেড়াই ইস্‌কে কেসমে রাজি হেঁ হমারে তখ্‌ত্ত কে আগে ভেজ দিয়া হম্‌নে ওস কা শায়েস্তা জওয়াব ইসি শানপর লেখা কে তোম্ লোগ আকর এস রাজকে ফরমাঁবরদার হোকে আনে চাহো আচ্ছা নহিঁ জো লড়াইচাহো জয়রাধা গোবিন্দ জী সবসামান তৈয়ার হ্যায় কেস্ ওয়াস্তে কে সেপাহি কো লড়াই যরুর বেলা চৌগান ময়দান আস্মা হ্যায় এহ্ জওয়াব পাকর ওহিলোগ বেচারঃ কি তরাযুমে অপনে ওযনপর খেয়াল করকে ওহিঁ সে মানন্দ গিদ-

ফকির ভাগে এস্ ওয়াস্তে ভইয়া কো যরুর হ্যায় কে বখ্‌শী ফওজকো ভেজ কর ওন্ বদয়াত লোগোঁকো মারতে হুয়ে ওজাড়কর দেওয়েঁ আগে এস্‌কে রাম রাম ।। ০ ।।

অথ উভয়া কাঙ্ক্ষা পত্র লিখন প্রকারঃ ।

স্বস্তি শ্রী সর্ব্বোপমাযোগ্য হমারে বিশ্বাসধাম পরমাপ্ততম মহাশয় জীকো প্রণাম বাঁচনেকে আগে ।২।

অথ হিন্দু স্থানীয় ভাষয়া পত্র লিখন প্রকারঃ ।

স্বস্তি শ্রী সকলোপমাযোগ্য হমারে আপ্তবর অমুক জীকো সন্দেশ বাঁচনে আগে । ৩ ।

অথ গুর্জ্জরি ভাষয়া লিখন প্রকারঃ ।

স্বস্তি শ্রী সর্ব্বোপমাযোগ্য রাজমান্য শ্রী অমুকনে অনেক নমস্কার বঞ্চনে বিশেষঃ । ১ । স্বস্তি শ্রী সকল গুণনিধান হমারে আপ্ত শ্রীফলানা লিখিতং আজ্ঞা কারীনে নমস্কার আগে । ২ ।

অথ মহারাষ্ট্র ভাষয়া লিখন প্রকারঃ ।

স্বস্তি শ্রী সর্ব্বোপমাযোগ্য রাজমান্য রাজপূজিত শ্রীঅমুকজীপন্ত স্বামিচে সেবেশ পোষ্য অমুক পন্ত এাচা সাষ্টাঙ্গ নমস্কার বিনন্তি এথিলক্ষেম তাগাইঅমুক মাস পর্য্যন্ত সহর অমুক এথিল ক্ষেম অসো বিশেষঃ আপন বহুতা দিবসি কৃপাপত্র পাঠবিল্লে তেঁমেঘা গমনে করোণ্ মযূরাপরি মমমানস মযূর সন্তোষ পাওলে তো পর্য্যায় কোঠবরলিহাব । ১ ।

স্বস্তি শ্রী সকল গুণ সম্পন্ন শ্রীমন্ত সকল গুণালঙ্কৃত

রাজমান্য রাজশ্রী অমুক রাও ইয়াসি স্নেহেঙ্কিত অমুক পন্ত ঞাচা নমস্কার য়া আশীর্ব্বাদ ইতিল কুশল জানুন সকিয়ে কুশল লিহিত জালে বিশেষঃ আমি আপলে হেঁ স্মৃতি বিরহিণী পরি বিরহ আনলে তপ্ত হোতোঁ ত্যাশমইঃ বিরহিণী প্রীয় দরশনা তুল্য পত্র দরশনে কঙ্কণ চিত্ত্য আনন্দ পাওলোঁ। ২।

অথ সঙ্কেতেন অঙ্কে পল্লবী ভাষয়া পত্র লিখন প্রকারঃ।

তত্র অকারাদি ক্ষকারান্তা অষ্টোবর্গাঃ। অ, ই, উ, ঋ, ৯, এ ও, ০, প্রথমোবর্গঃ। ক খ গ ঘ ঙ। দ্বিতীয়ো বর্গঃ। চ ছ জ ঝ ঞ। তৃতীয়োবর্গঃ। ট ঠ ড ঢ ণ। চতুর্থোবর্গঃ। ত থ দ ধ ন। পঞ্চমো বর্গঃ। প ফ ব ভ ম। ষষ্ঠো বর্গঃ। য র ল ব। সপ্তমো বর্গঃ। শ ষ স হ ক্ষ। অষ্টমো বর্গঃ। ১। তত্র প্রথমং বর্গাঙ্কং দত্ত্বা, দ্বিতীয় মক্ষরাঙ্কং দত্ত্বা, তৃতীয়ামাত্রাঙ্কং দত্ত্বা, অক্ষর সঙ্কেতো বোধ্যঃ। তথাচ রামপশ্যেত্যত্র। ৭ ২ ১ ২। ৬ ৫ ১১। ৬ ১। ৮ ১ ৭। ৫ ১। ১ ২। এবমঙ্কা লেখনীয়াচ। রামো জয়তি। ৭ ২ ১২। ৬ ৫ ১ ৯। ৩ ৩ ১১। ৭ ১ ১। ৫ ১ ৩। পক্ষাক্ষরাণাং স্থানে পঞ্চঙ্কো বোধ্যঃ।

অথ অঙ্ক সঙ্কেত দ্বারা পত্র লিখন প্রকারঃ।

তত্র অকারাদি ক্ষকারান্ত অষ্ট বর্গ আছে যথা। অ, ই, উ, ঋ, ৯, এ, ও, ০, প্রথম বর্গঃ। ক খ গ ঘ ঙ। দ্বিতীয় বর্গঃ। চ ছ জ ঝ ঞ। তৃতীয় বর্গঃ। ট ঠ ড ঢ ণ চতুর্থ বর্গঃ। ত থ দ ধ ন। পঞ্চম বর্গঃ। প ফ ব ভ ম। ষষ্ঠ বর্গঃ। য র ল ব। সপ্তম বর্গঃ। শ ষ স হ ক্ষ।

অন্তিম বর্গঃ ॥ ১ ॥ লিখন সময়ে বর্গ সংখ্যার অঙ্ক লিখিতে পরে সেই বর্গের যে বর্ণ তাহার সংখ্যা অঙ্ক লিখিবে তাহাতে অভিপ্রেত বর্ণ বোধ হইবে সেই বর্গে সংযোগ বর্গ ও আকার একারাদির ঐ রূপ অঙ্ক লিখিয়া বিচ্ছেদ কারণ দাঁড়ি দিবে। আর প্রথম বর্গের অষ্ট বর্গের প্রত্যেক বর্গের হ্রস্ব ও দীর্ঘ আছে অতএব প্রথম বর্গের বর্ণের অঙ্কেতে হ্রস্ব দীর্ঘ বোধ জন্য সেই অঙ্কের উপর মাত্রা দিলেই দীর্ঘ বোধ হইবেক যথা শ্রীশম্ভুচন্দ্র। ৮ ১৭২ ১২। ৮ ১। ৬৫ ৬ ৪। ১৩। ৩ ১। ৫৫৫৩৭ ২॥

অথ পত্র প্রমাণাদি লক্ষণ নি। তথাচ রাজনীতি চিন্তামণৌ।

শ্লোকঃ! পঞ্চাঙ্গুলাধিকং হস্ত পত্রমুত্তম মীরিতং মধ্যমং হস্ত মাত্রংস্যাৎ সামান্যং মুষ্টি হস্তকং॥ দ্বিগুণী কৃত্য পত্রাণি প্রমাণং যাদৃশং ভবেৎ। প্রস্তারং তাদৃশং কুর্য্যাৎ পত্রমাণ মুদীরিতং॥ একাঙ্গুলং দ্ব্যঙ্গুলঞ্চ সার্দ্ধাঙ্গুল মিতি ক্রমাৎ।পত্রাণা মুভয়ে পার্শ্বে ত্যাগং কুর্য্যাৎ বিচক্ষণঃ॥ দ্বিগুণী কৃত্য পত্রাণি পূর্ব্ব ভাগস্য শেষতঃ। দ্ব্যঙ্গুলন্তু সমা রভ্য শেষাংশে বর্ণমা লিখেৎ। দ্বিগুণী কৃত্য পত্রাণি পূর্ব্বেদ্ব্যেক গুণং ত্যজেৎ। শেষভাগে লিখেদ্বর্ণং গদ্যপদ্যাদি সংযুতং। দ্বিগুণী কৃত্য পত্রাণি পূর্ব্বেতু দ্বিগুণং ত্যজেৎ। শেষভাগে লিখেদ্বর্ণং সংস্কৃতং প্রাকৃতন্তথা! সর্ব্বেষামেব পত্রাণাং দীর্ঘ প্রস্তার মেবচ। ত্যাগঞ্চক্রমশো বাথ যথা শোভং প্রকল্পয়েৎ।

গদ্য পদ্যাদি বার্ত্তানাং ন্যূনাধিক্যস্য দর্শনাৎ। দীর্ঘ প্রস্তারং ভঙ্গঞ্চত্যাগং সংপরি কল্পয়েৎ।১।

অস্যার্থঃ। এক হস্ত দুই অঙ্গুলী পরিমিত উত্তমপত্র। এবং এক হস্তমাত্র পরিমিত মধ্যম পত্র। এবং মঠুম হাত পরিমিত সামান্য পত্রহয়। পূর্ব্বোক্ত ঐ ত্রিবিধ পত্রকে দ্বিভাগ করিয়া একভাগ প্রশস্থ রাখিবেক। এবং একাঙ্গুলী কিম্বা দুইঅঙ্গুলী বা দেড়অঙ্গুলী উভয় পার্শ্বে পরিত্যাগ করিবেক এবংপত্রকে দ্বিভাগ করিয়া পূর্ব্বভাগের শেষ দুই অঙ্গুলীতে আরব্ধ করিয়া লিখি বেক। মধ্যম পত্রকে ঐ প্রকার দ্বিভাগ করিয়া ঊর্দ্ধের একভাগ পরিত্যাগ করিবে এবং সামান্য পত্রকে তিন ভাগ করিয়া ঊর্দ্ধের দুইভাগ পরিত্যাগ করিয়া শেষ ভাগে লিখিবেক সকল পত্রে এইরীতি ক্রমে দীর্ঘপ্রস্থ করিবেক। এবং উভয়পার্শ্বে উক্ত নিয়মানুসারে স্থান ত্যাগ করিয়া লিখিবেক। আর লিপির অধিক কিম্বা অল্পতা প্রযুক্ত যদিউক্ত নিয়ম ভঙ্গ হয় তবে সে দোষ জনক নহে। ১।

অথ পত্র কোণাদি ছেদন লক্ষণানি। তথাচ রাজনীতি রত্নাবল্যাং।

শ্লোকঃ। অধোভাগেতু পত্রস্য দক্ষ কোণস্য শেষতঃ। ছিন্দ্যাদেকাঙ্গুলং ধীমান্ রাজপত্রস্য লক্ষণং। পত্রস্য দক্ষিণে পার্শ্বে চার্দ্ধ চন্দ্রাকৃতি যথা। ভূপতে' মহিষীপত্রে মধ্যে ছেদন মীরিতং। অধোভাগেতু পত্রস্য বাম কোণস্য শেষতঃ ছিন্দ্যা

দর্দ্ধাঙ্গুলং বিদ্বান্মন্ত্রি পত্রস্য লক্ষণং। ঊর্দ্ধ ভাগেতু পত্রস্য দক্ষ কোণস্য শেষতঃ। ছিন্দ্যা দেকাঙ্গুলং তদ্বৎস্বামি পত্রস্য লক্ষণং। ঊর্দ্ধ ভাগেতু পত্রস্য বাম কোণস্য শেষতঃ। ছিন্দ্যা দর্দ্ধাঙ্গুলং তদ্বৎ ভার্য্যাপত্রস্যলক্ষণঃ! দ্বিগুণী কৃত্য পত্রাণি মাষ মজ্জন মাত্রকং। বর্ত্তুলং ছেদয়েন্মধ্যে পুত্র পত্রস্য লক্ষণং। পত্রন্তু ত্রিগুণী কৃত্য শিরসো মধ্যভাগতঃ। ছিন্দ্যা দেকাঙ্গুলং ধীমান্ গুরু পত্রস্য লক্ষণং। যতি সন্ন্যাসিনাঞ্চৈব পণ্ডিতানাং সতামপি। যাদৃশং গুরু পত্রস্য তাদৃশংছেদয়েৎ সুধীঃ। পত্রস্য বাম-পার্শ্বেতু মধ্যে ছিন্দ্যা দ্বিচক্ষণঃ। কিঞ্চিৎ সামান্য ভৃত্যানাং পত্র লক্ষণ মীরিতং অধোভাগেতু পত্র-স্য যথা খড়্গাকৃতির্ভবেৎ! তথৈব ছেদয়েন্মধ্যে রিপু পত্রস্য লক্ষণং। পূর্ব্বগুন্থ গতং বাক্যং সমাকৃত্য প্রযত্নতঃ। সর্ব্বেষা মেব পত্রাণাং লক্ষণং সমুদী-রিতং। সর্ব্বেষা মেবপত্রাণাং যথোক্তস্যানুসারতঃ। শাস্ত্র দৃষ্টি প্রমাণেন ছেদয়েন্মতিমান্নর।২।

অস্যার্থঃ। রাজ পত্রের অধোভাগে দক্ষিণ কো-ণের শেষে একাঙ্গুল ও রাজ মহিষীর পত্রের দক্ষিণ পার্শ্বে অর্দ্ধ চন্দ্রাকার পরিমিত ও মন্ত্রি পত্রের বাম কোণের শেষে অর্দ্ধাঙ্গুলী। ও স্বামি পত্রে ঊর্দ্ধ ভাগের দক্ষিণ কোণের শেষে একাঙ্গুলী ও ভার্য্যা পত্রের ঊর্দ্ধ ভাগের বাম কোণের শেষে অর্দ্ধাঙ্গুলী ওপুত্র পত্রকেদ্বিগুণ করিয়া মধ্যস্থলে মাসকলাই পরি-

লিত অথচ বর্ত্তুলাকার ও গুরু পত্র দ্বিগুণ করিয়া তাহার উর্দ্ধ ভাগের মধ্যস্থলে একাঙ্গুলী। যতি সন্ন্যাসি ও পণ্ডিত এবং সৎব্যক্তিবর্গের পত্রে গুরুপত্রে যেমত বিহিত আছে তাহাই ও ভৃত্য পত্রের বামপার্শ্বের মধ্যস্থলে কিঞ্চিৎ ও শত্রু পত্রের অধোভাগে খড়্গের আকার করিয়া তাহার মধ্যস্থল ছেদন করিবেক। এই সকল পত্রের ক্রমে লক্ষণ কহিলাম। ২।

ইতি পত্র কৌমুদ্যাং পত্র লক্ষণ পরিচ্ছেদঃ ॥

অথ পত্র নবিচ লক্ষণং। তথাচ পত্র কাদম্বরী গ্রন্থে।

শ্লোকঃ। পত্রাণাং রঞ্জনং ভঙ্গং প্রমাণং ত্যাগ এবচ। সামান্যোত্তম ভেদজ্ঞঃ সপত্র নবিচঃস্মৃতঃ ॥ রাজ্ঞাং রাজবধূনাঞ্চ তথৈব পাত্র মন্ত্রিণাং। পত্র চিহ্নঞ্চ বেত্তা যঃ সপত্র নবিচঃস্মৃতঃ ॥ গুরুপণ্ডিত সন্ন্যাসি ভৃত্যাদীনাং তথৈবচ। পত্রচিহ্ন প্রদাতা যঃ সপত্র নবিচঃসুধীঃ। ১।

অস্যার্থঃ। পত্রের রঞ্জন এবং ভঙ্গ ও প্রমাণ এবং উক্তরীতিক্রমে পার্শ্বে ও উর্দ্ধে স্থানত্যাগ এবংসামান্য উত্তম মধ্যমাদি নিয়মজ্ঞ এবংরাজা ও রাজবধূ ও মন্ত্রি দিগের এবং গুরু পণ্ডিত সন্ন্যাসি ভৃত্যাদিগের পত্রের চিহ্ন জানেন এমত ব্যক্তিকে পত্র নবিচ কহাযায়। ১।

অথ ভূবন্ধ নবিচ লক্ষণং। তথাচ রাজ নীতিচন্দ্রিকায়াং।

শ্লোকঃ ॥ সামান্যোত্তমমধ্যানাং পত্রাণাং নৃপ মন্ত্রিণাং। লিখনং যো বিজানাতি ভূবন্ধো নবিচঃ স্মৃতঃ। গুরু পণ্ডিত সন্ন্যাসি পত্রাদীনাঞ্চ যো-

ষিতাং। পত্রাণাং লিখনং বেত্তি ভুবন্ধো নবিচঃ সতু। হস্তে স্থিতানাং পত্রাণাং জানাতি লক্ষণং স্ফুটং। শুদ্ধাশুদ্ধন্তু যো বেত্তি ভুবন্ধো নবিচঃসতু। সর্ব্বেষামেব পত্রাণাং ক্রমং জ্ঞাত্বা লিখেত্তু যঃ। শাস্ত্র দৃষ্টি প্রমাণেন ভুবন্ধো নবিচঃ কৃতী ॥ ২ ॥

অস্যার্থঃ। সামান্য উত্তম মধ্যম পত্র লিখন রীতিজ্ঞ এবং রাজা রাজ মন্ত্রি গুরু পণ্ডিত সন্ন্যাসী স্ত্রীলোক ও পুত্রাদির পাঠাপাঠজ্ঞ এবং হস্তস্থিত পত্রের শুদ্ধাশুদ্ধ সর্ব্ব প্রকারপত্র লিখিবার রীতি জানেন এবং শাস্ত্রানুসারে লিখেন এমত ব্যক্তিকে ভুবন্ধ নবিচ কহাযায় ২

অথ কফিয়া নবিচঃ লক্ষণং। তথাচ রাজনীতি চিন্তামণৌ।

শ্লোকঃ। শাস্ত্রজ্ঞো নীতি নিপুণো সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ। যথার্থবাদী ধর্ম্মাত্মা কফিয়া নবিচঃ কৃতী। বৈদ্য পণ্ডিত সন্ন্যাসী ভিক্ষুকো গ্রাম্য কেশবান্। রূপো বাক্য হীনশ্চ কফিয়া নবিচঃ স্মৃতঃ ॥ ভস্মোদ্ধূলিত সর্ব্বাঙ্গো মুণ্ডী জটিল বেশবান্। চারুরূপ ধরো যশ্চ কফিয়া নবিচঃ স্মৃতঃ। দেশাদ্দেশান্তরং গ্রামং পাত্র মন্ত্রি গৃহাদিকং। গচ্ছত্যজস্রং নিভৃতং কফিয়া নবিচঃ সুধীঃ ॥ স্থানাৎ স্থানান্তরং গত্বা যথা দৃষ্টং যথাশ্রুতং। স্বয়ংব্যনক্তি রহসি কফিয়া নবিচঃসত্ত ॥ শ্রুত্বা বারত্রয়ংদৃষ্ট্বা প্রমাণী কৃত্য যত্নতঃ। পশ্চাৎ ব্রূয়াৎসরহসি কফিয়া নবিচঃকৃতীঃ ৩

অস্যার্থঃ ॥ শাস্ত্রজ্ঞানী ও নীতি বিষয়ে কুশল সত্যবাদী জিতেন্দ্রিয় যথার্থবক্তা ধার্ম্মিক ও কৃতী এবং

বৈদ্য পণ্ডিত সন্ন্যাসি ও ভিক্ষুক দিগের ব্যবহারস্থ ও কেশধারী ও কুরূপ পরিমিত বাদী ব্যক্তি এবং সৌন্দর্য্যবান্‌ হইয়া ও ভস্ম ধূলীতে আচ্ছন্ন থাকিয়া শিরে জটাধারী এবং এক দেশ হইতে অন্য দেশে ও গ্রামে ও পাত্র মন্ত্রিদিগের গৃহে যে ব্যক্তি সতত অতি সংগোপনে যাতায়াত করে এবং নানাস্থানে ভ্রমণ করিয়া যেখানে যাহা দেখে কিম্বা শ্রবণ করে তাহা সংগোপনে জ্ঞাত করায় এবং কোন বিষয় তিনবার শ্রবণ বা দৃষ্টি করিয়া তাহা যত্ন পূর্ব্বক যথা তত্ত্ব জ্ঞাত হইয়া গোপনে কহে এমত ব্যক্তিকে কহিয়া নবিচ কহাযায়। ৩।

অথ রাজ লেখক লক্ষণং॥

শ্লোকঃ। দেশদেশান্তর যাতং শ্রুতং দৃষ্টং মনোগতং। রূপতে লেখক স্যাগ্রে সর্ব্বমে তেবদন্তিতি॥ বারদ্বয়ং ত্রয়ন্বাপি বিচার্য্য মনসা সুধীঃ। পশ্চান্নৃপাগ্রে রহসি ব্যনক্তি রাজ লেখকঃ। সর্ব্বেষা ঞ্চৈব মেতেষাং লক্ষণং লিখনাদিকং। তৎসর্ব্বং যো বিজানাতি সএব রাজলেখকঃ। ব্যক্তং মনো গত ঞ্চৈব জানাতি মনসা স্ফুটং। স্বরূপমস্বরূপম্বা সএব রাজ লেখকঃ। তথাচ॥ গাবঃপশ্যন্তি ঘ্রাণেনব্রাহ্মণা বেদচক্ষুষা। রাজান শ্চার চক্ষুর্ভিশ্চক্ষুর্ভ্যামিতরে জনাঃ। ইতি পত্র কৌমুদ্যাং চতুর্বিধ রাজ লেখক পরিচ্ছেদঃ। ৪।

অস্যার্থঃ। দেশ দেশান্তর হইতে আগত পত্র শ্রবণ করিয়া কিম্বা দৃষ্ট করিয়া দুইতিন বার স্বয়ং

মনেং বিচার করিয়া লিপির ভাব রাজ নিকটে যে ব্যক্তি গোপনে প্রকাশকরে। এবং পূর্ব্বোক্ত সকল লক্ষণ ও বর্ণাদি জ্ঞাত যে ব্যক্তি এবং পত্র দর্শন করিয়া যথার্থ অযথার্থ এবং লেখকের মন গতভাব যে ব্যক্তি বুঝিতে পারে তাহাকে রাজ লেখক কহি ।। তথাচ পশু সকল গন্ধের দ্বারা জানিতে পারে ব্রাহ্মণ সকল বেদ রূপ নেত্র দ্বারা জানিতে পারেন রাজা স্বীয় দূত রূপ নেত্র দ্বারা জানিতে পারেন সামান্য ব্যক্তিরা সাধারণ নেত্রদ্বারা জানিতে পারেন । ৪ ।

অথ কীর্ত্তি বর্ণন শ্লোকাঃ ।

